

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, নাগেশ্বরী, কুড়িগ্রাম
www.doict.nageshwari.kurigram.gov.bd

স্মারকঃ ৫৬.০৪.৪৯৬১.০০০.০৬.০০৩.২৩.১২

তারিখঃ ১১ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
২৫ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: শেখ রাসেল ডিজিটাল ল্যাবের নিরাপত্তা (Security) জোরদারকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক “শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প” -এর আয়তায় নাগেশ্বরী উপজেলায় উনিশটি (১৯) শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। ল্যাবে প্রকল্প দপ্তর থেকে ল্যাপটপ, প্রিন্টার, স্ক্যানার, মডেম, রাউটার, প্রজেক্টর, টিভি, ডিজিটাল স্মার্ট বোর্ড, এটেনড্যান্স সিস্টেম, ডেক্সটপ কম্পিউটার, প্রয়োজনীয় আসবাবপত্র, মাননীয় প্রধানমন্ত্রী এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি, শেখ রাসেলের ছবি এবং নেটওয়ার্কিং যন্ত্রপাতি প্রদান করা হয়েছে। পবিত্র রমজান মাস উপলক্ষে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকবে। কিন্তু ল্যাবের ইলেক্ট্রনিক্স যন্ত্রপাতি, আসবাবপত্র এবং গুরুত্বপূর্ণ ডকুমেন্ট ল্যাব কক্ষে থাকবে। সেই প্রেক্ষিতে ল্যাব কক্ষে নিরাপত্তা জোরদারকরণ করা প্রয়োজন। ল্যাব কক্ষে যেহেতু ইলেক্ট্রনিক্স যন্ত্রপাতি থাকবে, সেজন্য নিরাপত্তার পাশাপাশি ইলেক্ট্রনিক্স যন্ত্রপাতি চার্জ (charge) করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। দীর্ঘদিন ইলেক্ট্রনিক্স যন্ত্রপাতিতে (বিশেষ করে ল্যাপটপে) চার্জ দেওয়া না হলে ব্যাটারি এবং মাদারবোর্ডে (Motherboard) সমস্যা হতে পারে।

এমতাবস্থায়, পবিত্র রমজান মাসে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় শেখ রাসেল ডিজিটাল ল্যাবের নিরাপত্তা জোরদারকরণ এবং ইলেক্ট্রনিক্স যন্ত্রপাতি সপ্তাহে ন্যূনতম দুই (০২) দিন চার্জ করার ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।

২৫.০৩.২০২৩

(মোঃ ইলিয়াজ হোসেন)

সহকারী প্রোগ্রামার

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

উপজেলা কার্যালয়, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

☎: ০১৭৫১১১৯০৭৩

অধ্যক্ষ/ প্রধান শিক্ষক/ সুপার

শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠান (সকল)

নাগেশ্বরী, কুড়িগ্রাম।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

- ১। প্রকল্প পরিচালক, শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ২। উপ-পরিচালক (প্রশাসন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ৬। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, কুড়িগ্রাম।
- ৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ৮। অফিস কপি।